শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি


নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ
E-mail: chapaipbs@gmail.com
web : pbs.chapainawabganj.gov.bd


ISO 9001:2015

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.৭০৬৬.৫৪৬.০১.০৩৮.২২. ৪০৫২

তারিখঃ ০৩ কার্তিক , ১৪২৯ বঙ্গাব্দ। ১৯অক্টোবর, ২০২২ খ্রিঃ।

**<u>পবিস এর কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ বীমার দর প্রস্তাব আহ্বান অনুরোধজ্ঞাপনপত্র পুনঃ (RFQ)।</u>**

কোটেশননম্বর: (১৭/২০২২-২০২৩), তারিখ: ১৯.১০.২০২২খ্রিঃ

প্রতি

..............................................................................................................

০১। সিনিয়র জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পবিস এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

০২। ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য বীমাকৃত সকল কর্মকর্তা কর্মচারীর প্রয়োজনীয় তথ্য দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে হতে গ্রহন করতে পারবেন। বীমা চুক্তি ও প্রিমিয়াম প্রদান করার পর যে সকল কর্মকর্তার নামের বিপরীতে প্রিমিয়াম প্রদান করা হবে তাদের নামে কোন বীমাদাবি করা হলে বীমাকৃত অর্থ অনুর্দ্ধ ১৫(পনের) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় বীমাচুক্তি বাতিলসহ আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

০৩। 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

০৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুত পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬। সিলমোহরকৃত খাম ২৬.১০.২০২২খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকা-এ কোটেশন (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ দাখিল করতে হবে। কোটেশনের খামে **<u>পবিস এর কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ বীমার দর প্রস্তাব আহ্বান অনুরোধজ্ঞাপনপত্র পুনঃ (RFQ)</u>** সরবরাহের জন্য কোটেশন এবং ২৬.১০.২০২২খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। দরপত্রে উদ্ধৃত প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার ও মোট বার্ষিক প্রিমিয়াম স্পষ্টাক্ষরে লিখিত হবে। কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা ও ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্রের প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার মোট বার্ষিক প্রিমিয়াম উদ্ধৃত দরের মধ্যে গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচনা করা হবে।

০৮। বীমাকৃত সকল কর্মকর্তা/কর্মচারীর শারীরিক সক্ষমতা পরীক্ষা করে বীমাচুক্তি সম্পাদন করতে হবে।পরবর্তীতে বীমাদাবি পরিশোধের ক্ষেত্রে কোনরুপ শারীরিক ফিটনেস এর অভাব জনিত কারনে বীমা দাবি প্রত্যাখান করা যাবে না।

০৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়,কোটেশনদাতার উদ্ধৃতদর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের ভ্যাট, কর, শুল্ক ও আবগাড়ী, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১২। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবংএ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিতমূল্য, যদি গৃহীত হয়,তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে। প্রদত্ত বীমা রেট ০৩ বছর পর্যন্ত বহাল থাকবে উক্ত সময়ের মধ্যে বীমার পিমিয়াম হার বৃদ্ধি করার কোন সুযোগ নাই।

১৩। কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি,কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ এবং বীমা অধিদপ্তরের লাইসেন্সের সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে প্রদান করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের প্রদত্ত শর্ত গৃহীতব্য বীমা ঝুকির ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে সর্বনিম্ন রেসপনসিভ দরদাতা বীমা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে।

১৫। নিম্নবর্ণিত ক্যাটাগরীতে বীমা প্রিমিয়ামের হার বিস্তারিত দরপত্রে উল্লেখ করতে হবে। প্রতিটি ক্যাটাগরীর দর পৃথকভাবে উল্লেখ করতে হবে। (ক) বেসিক (মৃত্যু ঝুঁকি) (খ) এডিবি (দূর্ঘটনা জনিত মৃত্যু ঝুঁকি) (গ) পিটিডি (Permanent and Total Disability) (ঘ) পিপিডি (Permanent Partial Disability).

১৬। সর্বনিম্ন রেসপনসিভ দরদাতা বীমা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে নিজ খরচে ৩০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্প এ ০৩ বছরের জন্য চুক্তি সম্পাদন করত প্রতি বছর প্রিমিয়াম বিল দাখিল স্বাপেক্ষে প্রিমিয়াম বাবদ অর্থ প্রাপকের খাতে প্রদেয় চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

১৭। অত্র সমিতির কর্মরত নিয়মিত কর্মকর্তা/ কর্মচারীগণের কর্মকালীন সময়ে মৃত্যুবরণ করলে তাঁর উত্তরাধিকারগণ-কে বীমাকৃত অর্থ পরিশোধের নিমিত্তে অত্র সমিতির অনুকুলে বীমাকৃত কর্মকর্তা/কর্মচারীর সর্বশেষ মাসের মূল বেতনের ২৪ গুণ অথবা সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা যা কম তা বীমাকারী প্রতিষ্ঠানকে অনধিক ১৫ পনের দিনের মধ্য পরিশোধ করতে হবে।

১৮। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে তা নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সমিতির প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৯। বীমা চুক্তির মেয়াদে কর্মকর্তা/ কর্মচারীদের মৃত্যুতে/দূর্ঘটনা জনিত কারণে অঙ্গহানীতে অনধিক ১৫ পনের দিনের মধ্য বীমা দাবী পরিশোধ করতে হবে। কোন রুপ সময় ক্ষেপন অথবা অজুহাত উল্লেখপূর্বক বীমাদাবি পরিশোধে অপারগতা প্রকাশ করা যাবে না।

২০। বীমা চুক্তির মেয়াদে নতুন কর্মকর্তা/কর্মচারী নিয়োজিত হলে যোগদানের তরিখ থেকে চুক্তির শেষ তারিখ পর্যন্ত মেয়াদে বীমার অন্তরভুক্ত করতে হবে। এ ক্ষেত্রে প্রিমিয়ামের অর্থ প্রদান করলেই পূর্নাঙ্গ চুক্তির আওতায় এনে সম্পুর্ন মৃত্যু দাবি, দুর্ঘটনা ও অঙ্গহানির দাবীর বীমা অর্থ পরিশোধে বাধ্য থাকতে হবে।

২১। সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর প্রযোজ্য হবে। কার্যাদেশ প্রদানের সময় বীমা প্রিমিয়াম সংখ্যা ও পরিমান কম/বেশী হতে পারে।

২২। চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/ সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২৩। দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এরূপ যে কোন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র জেনারেলম্যানেজার

**অনুলিপিঃ (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।**

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বর্ণিত তারিখ ও সময়ে কোটেশন গ্রহণ ও খোলার অনুরোধসহ) ।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
০৩। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
০৪। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-------------------------------------পবিস-১/২/৩/৪।
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত, চাঁপাইনবাবগঞ্জ।
০৯। নির্বাহী প্রকৌশলী, (এস ওডি ),বাপবিবোর্ড, রাজশাহী।
১০। ডিজিএম, সদর-কারিগরী /শিবগঞ্জ/নাচোল/ভোলাহাট জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১১। সহকারী প্রকৌশলী,(এস ও ডি ),বাপবিবোর্ড, চাঁপাইনবাবগঞ্জ।
১২। এজিএম (ওএন্ডএম),শাহাপাড়া/মহারাজপুর সাব-জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১৩। এজিএম (অর্থ/সঃ সেবা/ওএন্ডএম/ ইএন্ডসি), চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১৪। এজিএম (আইটি),চাঁপাইনবাবগঞ্জ পবিস।(ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১৫। মেসার্স ---------------------------------------------------------------------------।
১৬। নোটিশ বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১৭। অফিস কপি/মাস্টার কপি।

(প্রকৌঃ মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার।

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশননম্বর: (১৭/২০২২-২০২৩), তারিখ: ১৯.১০.২০২২খ্রিঃ

প্রতি
**সিনিয়র জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে পবিস এর কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ বীমার দর প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ....................................

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমাপর্যন্তবৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয়আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা[তারিখ লিখুন]তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশননম্বর: (১৭/২০২২-২০২৩), তারিখ: ১৯.১০.২০২২খ্রিঃ

| ক্রঃ নং | বীমার বিবরণ | বীমাভূক্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ও মোট বীমা অংক (টাকা) | একক প্রিমিয়ামের পরিমান (প্রতি হাজারে) (টাকা) | | মোট বার্ষিক প্রিমিয়াম (টাকা) | বীমা সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদনের স্থান। |
|---|---|---|---|---|---|---|
| | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | **গ্রুপ সাময়িক জীবন বীমাঃ**<br>বীমা অংক হবে প্রত্যেক কর্মকর্তা এবং কর্মচারীর ২৪ মাসের মূল বেতনের সমপরিমান অথবা সর্বোচ্চ ৫ লক্ষ টাকা এর মধ্যে যা কম।<br>(ক) বেসিক (মৃত্যু ঝুঁকি) (খ) এডিবি (দূর্ঘটনা জনিত মৃত্যু ঝুঁকি) (গ) পিটিডি (Permanent and Total Disability)<br>(ঘ)পিপিডি (Permanent Partial Disability). | ২৯৫ জন<br>১৪,৬৫,১৫,৯২০/-<br>(চৌদ্দ কোটি পয়ষট্টি লক্ষ পনের হাজার নয়শত বিশ টাকা) | | | | চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর,নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ। |
| | অংকে | | | | | |
| | কথায় | | | | | |

| |
|---|
| মোট মূল্য টাকায়<br>(কথায়) |
| প্রস্তাবিত সরবরাহ সময় |
| প্রদত্ত শর্তাবলী যদি থাকে |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের **তফশীলে[-----] টি** সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর **করে করা হয়েছে।** আমার/আমাদের প্রস্তাবদিন/মাস/বছর পর্যন্ত **বৈধ [কোটেশনের বৈধতার তারিখ** লিখুন]

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশনদাতার নাম | |

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

কোটেশননম্বর: (১৭/২০২২-২০২৩), তারিখ: ১৯.১০.২০২২খ্রিঃ

| ক্রঃ নং | বীমার ধরন | বীমার বিবরন | গৃহীত ঝুকির বিবরন | চুক্তির মেয়াদ ও অন্যান্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | | | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত শর্ত অনুযায়ী বীমা দাবি নিষ্পত্তি করব তথা পরিশোধ করব এবং সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ মান ও শতানুযায়ী অনুযায়ী সরবরাহ করব।

| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: |
|---|---|
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ১, ২ ও ৩ ক্রয়কারী এবং কলাম ৪ ও ৫ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যেপ্রস্তুত করতে হবে এবং একই সঙ্গে বীমার প্রয়োজনীয় শর্তাবলী কার্য-সম্পাদনের তথ্য সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে।

৩. বীমা সেবাসমূহের কারিগরী বিনির্দেশ বা যে কোন শর্তাবলি (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত বীমাদরের বিস্তারিত তৈরী(make) ও বীমা চুক্তি (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথমূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র(brochures) সংযুক্ত করবে।